

হোম এসাইনমেন্ট

শ্রেণি: নবম

বিষয়: বাংলা ২য় পত্র

**১. জ্ঞানমূলক প্রশ্ন: ২০ টি**

\*\*\*\*\*

১. ‘লুঙ্গি’ কোন ভাষার শব্দ?
২. বাংলা ভাষা ও সাহিত্যের মধ্যযুগের প্রথম নির্দর্শন কোনটি?
৩. প্রাতিপাদিক কী?
৪. রাজা-বাদশা (তৎসম + ফারসি) কোন প্রকার শব্দ?
৫. ‘চশমা’ কোন ভাষার শব্দ?
৬. ‘সায়াহু’ শব্দে ‘হু’ কোন কোন বর্ণের মিলিত রূপ?
৭. বাংলা বর্ণমালার যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ কী?
৮. স্পর্শ ও উচ্চবর্ণের মাঝামাঝি বর্ণকে কী বলা হয়?
৯. উচ্চারণ বৈশিষ্ট্য অনুযায়ী স্পর্শ ব্যঞ্জনধনিগুলোকে প্রথমত কত ভাগে ভাগ করা যায়?
১০. শব্দে কোন ধ্বনির দুরকম উচ্চারণ পাওয়া যায়?
১১. বাক্যতত্ত্বের অপর নাম কী?
১২. রূপতত্ত্বের আলোচ্য বিষয়গুলো কী কী?
১৩. ক্রিয়ার কাল ও পুরুষ ব্যাকরণের কোন তত্ত্বের আলোচ্য বিষয়?
১৪. কোন ভাষা হতে বাংলা ভাষার জন্ম হয়?
১৫. দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?
১৬. স্কুল > ইস্কুল পরিবর্তন প্রক্রিয়ার নাম কী?
১৭. শব্দের মধ্যে দুটো ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে কী বলে?
১৮. কোন জাতীয় শব্দে ‘ষ’ - এর ব্যবহার হয় না?
১৯. ত্ এর পরে ল থাকরে সঞ্চিতে ত্ এবং ল্ মিলে কোনটা হয়?
২০. ‘দুলোক’ শব্দের সঠিক সংস্কৃত বিচ্ছেদ কোনটি?

**২. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখ:**

\*\*\*\*\*

**সারমর্ম লিখ****আসিতেছে শুভদিন**

দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ!

হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙ্গিল যারা পাহাড়,

পাহাড়-কাটা সে পথের দুপাশে পড়িয়া যাদের হাড়,

তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি,

তোমারে সেবিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি;

তারাই মানুষ, তারাই দেবতা গাহি তাহাদেরি গান,

তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!

**অর্থবা**

## সারাংশ লিখ

অভ্যাস ভয়ানক জিনিস। একে হঠাত স্বভাব থেকে তুলে ফেলা কঠিন। মানুষ হ্বার সাধনাতেও তোমাকে ধীর ও সহিষ্ণু হতে হবে। সত্যবাদী হতে চাও? তাহলে ঠিক কর স্প্রতাহে অন্তত একদিন মিথ্যা বলবে না। ছ মাস ধরে এমনি করে নিজে সত্যকথা বলতে অভ্যাস কর। তারপর এক শুভদিনে আর একবার প্রতিজ্ঞা কর, স্প্রতাহে তুমি দুদিন মিথ্যা বলবে না। এক বছর পরে দেখবে সত্যকথা বলা তোমার কাছে অনেকটা সহজ হয়ে পড়েছে। সাধনা করতে করতে এমন একদিন আসবে যখন ইচ্ছা করলেও মিথ্যা বলতে পারবে না। নিজেকে মানুষ করার চেষ্টায় পাপ ও প্রবৃত্তির সঙ্গে সংগ্রামে তুমি হঠাত জয়ী হতে কখনও ইচ্ছা কোরো না তাহলে সব পড় হবে।

৩. ভাবসম্প্রসারণ লিখ: ( যে কোন একটি)

\*\*\*\*\*

- ক) কীর্তিমানের মৃত্যু নাই
- খ) আলো বলে, ‘অন্ধকার, তুই বড় কালো।’
- অন্ধকার বলে, ‘ভাই, তাই তুমি আলো।’

৪. রচনা লিখ ( যে কোন একটি)

\*\*\*\*\*

- ক) অধ্যবসায়
- খ) সময়ের মূল্য